



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

আইকিউএসির আয়োজনে কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ জুন ২০২১।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি আয়োজিত আউটকাম বেসড এডুকেশন (ওবিই) কারিকুলাম টেমপ্লেট শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ২৬ জুন ২০২১ তারিখ সকাল ১০ টায় জুম কনফারেন্সের মাধ্যমে এই অনলাইন কর্মশালার উদ্বোধন করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সদস্য প্রফেসর ড. বিশ্বজিৎ চন্দ। উদ্বোধনকালে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন গুণগত ও মানসম্মত শিক্ষা নিশ্চিত প্রশিক্ষণের কোন বিকল্প নেই। বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে বিশ্বমানের পর্যায়ে উন্নতকরনে শিক্ষা কারিকুলামকে এমনভাবে সাজাতে হবে যাতে করে শিক্ষার্থীরা উপকৃত হয় এবং বিশ্বমানের চ্যালেঞ্জ মোকাবেলায় নিজেদেরকে দক্ষ করে গড়ে তুলতে পারে। আর তাহলেই শিক্ষা ব্যবস্থার আমল পরিবর্তন সম্ভব। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালাটি পরিচালনা করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সদস্য ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. এস এম কবীর। কর্মশালায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, অতিরিক্ত পরিচালক ড. রহিমা নাসরিন, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, সেলফ অ্যাসেসমেন্ট কমিটির সকল সদস্যসহ দপ্তরের অন্যান্যরা সংযুক্ত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস